

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ১২, ২০১৫

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
প্রজ্ঞাপন

তারিখঃ ২৮ মাঘ ১৪২১ বঙ্গাব্দ/১০ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ২৮-আইন/২০১৫।—জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ (২০১০ সনের ৩ নং আইন) এর ধারা ২৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, ধারা ৮, ধারা ১৩ এর উপ-ধারা (৩) এবং ধারা ১৩ক এর সহিত পঠিতব্য, নির্বাচন কমিশন জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য-উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) প্রবিধানমালা, ২০১৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত প্রবিধানমালার প্রবিধান ১১ ও ১২ এর পরিবর্তে নিম্নরূপ প্রবিধান ১১ ও ১২ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“১১। চার্জ, ফি, ইত্যাদি।—(১) তথ্য-উপাত্ত সংশোধন, তথ্য যাচাই এবং তথ্য-উপাত্ত সরবরাহ ফি বা, প্রযোজ্য ক্ষেত্রে, চার্জ হইবে নিম্নরূপ, যথাঃ—

| ক্রমিক | কার্যসমূহ | প্রদেয় ফি/চার্জ (টাকায়) |
|-------------------------------|--------------------------|---------------------------|
| ১. | জাতীয় পরিচয়পত্র সংশোধন | |
| | (ক) প্রথম বার আবেদন | ২ (দুই) শত |
| | (খ) দ্বিতীয় বার আবেদন | ৩ (তিন) শত |
| (গ) পরবর্তী যে কোনো বার আবেদন | ৪ (চার) শত | |
| ২. | তথ্য-উপাত্ত সংশোধন | |
| | (ক) প্রথম বার আবেদন | ১ (এক) শত |
| | (খ) দ্বিতীয় বার আবেদন | ২ (দুই) শত |
| (গ) পরবর্তী যে কোনো বার আবেদন | ৩ (তিন) শত | |

(৯৫৭)

মূল্য : টাকা ৪.০০

| ক্রমিক | কার্যসমূহ | প্রদেয় ফি/চার্জ (টাকায়) |
|---|---|---------------------------|
| ৩. | নিবন্ধনের মাধ্যমে তথ্য যাচাই | |
| | (ক) এককালীন নিবন্ধন চার্জ | ৫ (পাঁচ) লক্ষ |
| | (খ) সাব ইউজার চার্জ/নবায়ন চার্জঃ বার্ষিক সাব ইউজার চার্জ/নবায়ন চার্জ | |
| | (অ) প্রথম ৭০ (সত্তর) টি সাব ইউজারের প্রতিটির জন্য | ৪ (চার) হাজার |
| | (আ) প্রথম ৭০ (সত্তর) টির পরবর্তী প্রতিটি সাব ইউজারের জন্য | ২ (দুই) হাজার |
| | (গ) যাচাইকরণ চার্জঃ প্রতিটি তথ্য প্রতিবার যাচাইয়ের জন্য | ২ (দুই) |
| | (ঘ) বিলম্ব চার্জঃ যাচাইকরণ চার্জের বিল প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে পরিশোধে ব্যর্থতার কারণে বিলম্ব চার্জ | মোট বিলের ০.৫% |
| (ঙ) নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সেবা বা সুবিধা প্রদানের অপারগতার কারণে সংস্কৃদ্ধ আবেদনকারী কর্তৃক প্রদত্ত সার্ভিস চার্জ | ১ (এক) শত | |
| ৪. | ব্যক্তি কর্তৃক জাতীয় পরিচয়পত্রের সঠিকতা যাচাইয়ের আবেদনের ক্ষেত্রে সার্ভিস চার্জ | ১ (এক) শত |
| ৫. | সরকারি সংস্থা বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষকে তথ্য-উপাত্ত সরবরাহের ক্ষেত্রে | |
| | (ক) এককালীন সার্ভিস চার্জ | ৫ (পাঁচ) লক্ষ |
| | (খ) বার্ষিক সেবা চার্জ/বার্ষিক সেবা নবায়ন চার্জ | ১ (এক) লক্ষ |
| | (গ) প্রতিটি তথ্য-উপাত্ত প্রতিবার সরবরাহের জন্য সরবরাহ চার্জ | ১ (এক) |
| ৬. | কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক তথ্য-উপাত্ত সরবরাহের আবেদন ফি | ২ (দুই) শত |

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত ফি বা, প্রযোজ্য ক্ষেত্রে, চার্জ নির্দিষ্ট খাতে ট্রেজারি চালানোর মাধ্যমে অথবা “সচিব, নির্বাচন কমিশন” এর অনুকূলে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে অথবা কমিশন কর্তৃক নির্দিষ্টকৃত নম্বরে মোবাইল ব্যাংকিং বা অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করিতে হইবে।

(৩) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত ফি, চার্জ ইত্যাদি প্রাপ্তির তারিখ হইতে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে উহা সরকারি হিসাবে জমা করিতে হইবে।

১২। **প্রবিধান ১১ এর কার্যকরতা**—নির্বাচন কমিশন, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে প্রবিধান ১১ কার্যকর হইবে।”।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ সিরাজুল ইসলাম

সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd